

শিক্ষা মন্ত্রণালয় অনলাইনে ছাত্রভর্তির গ্যাডাকলে ফেলে নটরডেমকে ধ্বংসের উদ্যোগ নিয়েছে

—ড. সিরাজুল ইসলাম চৌধুরী

প্রেস বিজ্ঞপ্তি : শিক্ষাবিদ ড. সিরাজুল ইসলাম চৌধুরী বলেছেন, শিক্ষা মন্ত্রণালয়ের অনলাইনে ছাত্রভর্তির এই প্রক্রিয়ার প্রধান লক্ষ্যই ছাত্রভর্তির গ্যাডাকলে ফেলে নটরডেমকেই ধ্বংস করার উদ্যোগ নিয়েছে। পরীক্ষা পদ্ধতির পরিবর্তে পরীক্ষাহীন ভর্তি ব্যবস্থা প্রবর্তনের ফলে ভর্তি বাণিজ্য নিয়ে আজ যুগোৎসর্গ হচ্ছে। তিনি বলেন, নটরডেমকে প্রতিবছর হাইকোর্টের শরণাপন্ন হয়ে নিজস্ব ভর্তি প্রক্রিয়া রক্ষা করতে হচ্ছে। এতে কলেজ কর্তৃপক্ষ হয়রানি হচ্ছে। আমরা এর স্থায়ী সমাধান চাই।

গতকালের (২১ জুন) নটরডেম শিক্ষা প্রতিষ্ঠান রক্ষা কমিটির উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরসি সমাজদার মিলনায়তনে অনুষ্ঠিত সুশিক্ষা বিস্তারে নটরডেম কলেজের অবদান সেমিনারে প্রধান অতিথির ভাষণে তিনি একথাগুলো বলেন। ড. শাকির সরুরের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথির আসন অলংকৃত করেন যথাক্রমে ড. সৈয়দ আনোয়ার হোসেন, সচিব (অব.) শাহজাহান সিদ্দিকী বীরবিক্রম, আর্টবিশপ (অব.) পৌলিনাস কস্তা, ডিভি, অধ্যাপক শংকর দাশ, অধ্যাপক জমির হোসেন, ড. সার্ব মুসা, মো. আরিফ বিল্লাহ, ড. মো. আলমুজ্জাহেদী আল-ফেসানী, কবি বিপ্লব ফারুক, মো. মাজেদুর রহমান তালুকদার প্রমুখ। ড. সৈয়দ আনোয়ার হোসেন বলেছেন, শিক্ষা মন্ত্রণালয় হঠাৎ করে বাংলাদেশের সবচেয়ে উন্নত এবং আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান নটরডেম কলেজের ওপর এমন সর্বশক্তি দিয়ে হামলে পড়েছে কেন? এই কেনর কারণটাই হচ্ছে ভর্তি বাণিজ্য। শাহজাহান সিদ্দিকী বীর বিক্রম বলেছেন, নটরডেম-এর শিক্ষা ঐতিহ্য রক্ষার আন্দোলনের সাথে ছিলাম, আছি, থাকবো। পৌলিনাস কস্তা বলেছেন, আমরা যারা ফাদার, তারা দেশে সুশিক্ষা প্রতিষ্ঠার ক্ষেত্রে অতুলনীয় অবদান রেখে চলেছি। সেই ফাদারদের শিক্ষা প্রতিষ্ঠান নটরডেমকে ধ্বংস করা হলে তাতে দেশ জাতি পুরোটাই ক্ষতিগ্রস্ত হবে। অধ্যাপক শংকর দাশ বলেছেন, যারা নটরডেমকে ধ্বংসের চেষ্টা করছে, তারা দেশ জাতির পক্ষে। আজ তাদেরকেই ধ্বংস করতে হবে।